রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**মঙ্গলবার, এপ্রিল ২৬, ২০১৬**

## বাংলাদেশ জাতীয় সংসদ

ঢাকা, ১৩ বৈশাখ, ১৪২৩ মোতাবেক ২৬ এপ্রিল, ২০১৬

নিম্নলিখিত বিলটি ১৩ বৈশাখ, ১৪২৩ মোতাবেক ২৬ এপ্রিল, ২০১৬ তারিখে জাতীয় সংসদে উত্থাপিত হইয়াছে:—

## বা. জা. স. বিল নং ২৪/২০১৬

## Navy Ordinance, 1961 এর অধিকতর সংশোধনকল্পে আনীত বিল

যেহেতু সংবিধান (পঞ্চদশ সংশোধন) আইন, ২০১১ (২০১১ সনের ১৪ নং আইন), অত:পর পঞ্চদশ সংশোধনী বলিয়া উল্লিখিত, দ্বারা ১৯৭৫ সালের ১৫ আগস্ট হইতে ১৯৭৯ সালের ৯ এপ্রিল এবং ১৯৮২ সালের ২৪ মার্চ হইতে ১৯৮৬ সালের ১১ নভেম্বর তারিখ পর্যন্ত সময়ের মধ্যে সামরিক ফরমান দ্বারা জারীকৃত অধ্যাদেশসমূহ, অত:পর "উক্ত অধ্যাদেশসমূহ" বলিয়া উল্লিখিত, অনুমোদন ও সমর্থন সংক্রান্ত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের চতুর্থ তফসিলের ৩ক, ১৮ ও ১৯ অনুচ্ছেদ বিলুপ্ত হওয়ায় উক্ত অধ্যাদেশসমূহের কার্যকারিতা লোপ পায়; এবং

যেহেতু সিভিল পিটিশন ফর লিভ টু আপীল নং ১০৪৪-১০৪৫/২০০৯ এবং সিভিল আপীল নং-৪৮/২০১১এ সুপ্রীমকোর্টের আপীল বিভাগ কর্তৃক প্রদত্ত রায়ে সামরিক আইনকে অসাংবিধানিক ঘোষণাপূর্বক উহার বৈধতা প্রদানকারি সংবিধান (পঞ্চম সংশোধন) আইন, ১৯৭৯ (১৯৭৯ সনের ১ নং আইন) এবং সংবিধান (সপ্তম সংশোধন) আইন, ১৯৮৬ (১৯৮৬ সনের ১ নং আইন) বাতিল ঘোষিত হওয়ার ফলশ্রুতিতেও উক্ত অধ্যাদেশসমূহের কার্যকারিতা লোপ পায়; এবং



**মূল্য ঃ** টাকা ৮.০০

যেহেতু উক্ত অধ্যাদেশসমূহ ও উহাদের অধীন প্রণীত বিধি, প্রবিধান, উপ-আইন, ইত্যাদি প্রজাতন্ত্রের কর্মের ধারাবাহিকতা, আইনের শাসন, জনগণের অর্জিত অধিকার সংরক্ষণ এবং বহাল ও অক্ষুণ্ন রাখিবার নিমিত্ত, জনস্বার্থে, অধ্যাদেশসমূহের কার্যকারিতা প্রদান আবশ্যক; এবং

যেহেতু দীর্ঘ সময় পূর্বে জারীকৃত অধ্যাদেশসমূহ যাচাই-বাছাইপূর্বক যথানিয়মে নূতন আইন প্রণয়ন করা সময় সাপেক্ষ; এবং

যেহেতু পঞ্চদশ সংশোধনী এবং সুপ্রীমকোর্টের আপীল বিভাগের প্রদত্ত রায়ের প্রেক্ষিতে সৃষ্ট আইনী শূন্যতা সমাধানকল্পে সংসদ অধিবেশনে না থাকাবস্থায় আশু ব্যবস্থা গ্রহণের জন্য প্রয়োজনীয় পরিস্থিতি বিদ্যমান ছিল বলিয়া রাষ্ট্রপতির নিকট প্রতীয়মান হওয়ায় তিনি ২১ জানুয়ারি, ২০১৩ তারিখে ২০১৩ সনের ১ ও ২ নং অধ্যাদেশ প্রণয়ন ও জারী করেন; এবং

যেহেতু সংবিধানের ৯৩(২) অনুচ্ছেদের নির্দেশনা পূরণকল্পে, উক্ত অধ্যাদেশসমূহের মধ্যে কতিপয় অধ্যাদেশ কার্যকর রাখিবার স্বার্থে ১৯৭৫ সালের ১৫ আগস্ট হইতে ১৯৭৯ সালের ৯ এপ্রিল তারিখ পর্যন্ত সময়ের মধ্যে জারীকৃত কতিপয় অধ্যাদেশ কার্যকরকরণ (বিশেষ বিধান) আইন, ২০১৩ (২০১৩ সনের ০৬ নং আইন) এবং ১৯৮২ সালের ২৪ মার্চ হইতে ১৯৮৬ সালের ১১ নভেম্বর তারিখ পর্যন্ত সময়ের মধ্যে জারীকৃত কতিপয় অধ্যাদেশ কার্যকরকরণ (বিশেষ বিধান) আইন, ২০১৩ (২০১৩ সনের ০৭ নং আইন) প্রণীত হইয়াছে; এবং

যেহেতু উক্ত অধ্যাদেশসমূহের আবশ্যকতা ও প্রাসঙ্গিকতা পর্যালোচনা করিয়া যে সকল অধ্যাদেশ আবশ্যক বিবেচিত হইবে সেইগুলি সকল স্টেক-হোল্ডার ও সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয় ও বিভাগের মতামত গ্রহণ করিয়া প্রযোজ্য ক্ষেত্রে সংশোধন ও পরিমার্জনক্রমে বাংলায় নূতন আইন প্রণয়ন করিবার জন্য সরকার সিদ্ধান্ত গ্রহণ করিয়াছে; এবং

যেহেতু সরকারের উপরি-বর্ণিত সিদ্ধান্তের আলোকে নিম্নবর্ণিত উদ্দেশ্যসমূহ পূরণকল্পে Navy Ordinance, 1961 (Ord. No. XXXV of 1961) এর অধিকতর সংশোধন সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্দ্বারা নিম্নরূপ আইন করা হইল :—

১। **সংক্ষিপ্ত শিরোনাম এবং প্রবর্তন**।—(১) এই আইন Navy (Amendment) Act, 2016 নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। **Ordinance No. XXXV of 1961 এর সংশোধন**।—Navy Ordinance, 1961 (Ord. No. XXXV of 1961), অতঃপর উক্ত Ordinance বলিয়া অভিহিত, এর "Commander-in-Chief" শব্দগুলি, যেখানেই উল্লিখিত হউক, এর পরিবর্তে "Chief of Naval Staff" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

৩। **Ordinance No. XXXV of 1961 এর সংশোধন।**—এই ধারায় সংশোধনের দ্বারা ভিন্নরূপ কিছু করা না হইলে, উক্ত Ordinance এর সর্বত্র,—

(ক) "Pakistan" শব্দের পরিবর্তে "Bangladesh" শব্দ প্রতিস্থাপিত হইবে;

(খ) "Central Government" শব্দগুলির পরিবর্তে "Government" শব্দ প্রতিস্থাপিত হইবে;

(গ) "ratings" শব্দের পরিবর্তে "sailors" শব্দ প্রতিস্থাপিত হইবে;

(ঘ) "Pakistan Army Act" শব্দগুলির পরিবর্তে "Army Act" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(ঙ) "Pakistan Air Force Act" শব্দগুলির পরিবর্তে "Air Force Act" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(চ) "rating" শব্দের পরিবর্তে "sailor" শব্দ প্রতিস্থাপিত হইবে;

(ছ) "rate" শব্দের পরিবর্তে "rank" শব্দ প্রতিস্থাপিত হইবে;

(জ) "Pakistan Penal Code" শব্দগুলির পরিবর্তে "Penal Code" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(ঝ) "disrating" শব্দের পরিবর্তে "disranking" শব্দ প্রতিস্থাপিত হইবে; এবং

(ঞ) "rupees" শব্দের পরিবর্তে "taka" শব্দটি প্রতিস্থাপিত হইবে।

৪। **Ordinance No. XXXV of 1961 এর section 1 এর সংশোধন।**—উক্ত Ordinance এর section 1 এর sub-section (1) এর "Pakistan" শব্দ বিলুপ্ত হইবে।

৫। **Ordinance No. XXXV of 1961 এর section 4 এর সংশোধন।**—উক্ত Ordinance এর section 4 এর—

(ক) clause (xii) বিলুপ্ত হইবে;

(খ) clause (xxx) এর "chief petty officer" শব্দগুলির পরিবর্তে "master chief petty officer" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে; এবং

(গ) clause (xxxvii) এ, দুইবার উল্লিখিত, "or rate" শব্দগুলি বিলুপ্ত হইবে।

৬। **Ordinance No. XXXV of 1961 এর section 6 এর সংশোধন।**—উক্ত Ordinance এর section 6 এর—

(ক) clause (1) এর "chief petty officers" শব্দগুলির পরিবর্তে "master chief petty officers, chief petty officers" শব্দগুলি ও কমা প্রতিস্থাপিত হইবে; এবং

(খ) clause (2) এর "inferior" শব্দের পরিবর্তে "lower" শব্দ প্রতিস্থাপিত হইবে।

৭। **Ordinance No. XXXV of 1961 এর section 12 এর সংশোধন।**—উক্ত Ordinance এর section 12 এর sub-sections (4) এবং (5) বিলুপ্ত হইবে।

৮। **Ordinance No. XXXV of 1961 এর section 53 এর সংশোধন।**—উক্ত Ordinance এর section 53 এর "a High Court" শব্দগুলির পরিবর্তে "the High Court" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

৯। **Ordinance No. XXXV of 1961 এর section 80 এর সংশোধন।**—উক্ত Ordinance এর section 80 এর sub-section (1) এর clause (h) এর পর নিম্নরূপ নূতন clause (hh) সন্নিবেশিত হইবে, যথাঃ—

"(hh) Fine,"।

১০। **Ordinance No. XXXV of 1961 এর section 89 এর সংশোধন।**—উক্ত Ordinance এর section 89 এর sub-section (2) এর clause (b) এর "chief petty officer" শব্দগুলির পরিবর্তে "master chief petty officer, a chief petty officer" শব্দগুলি ও কমা প্রতিস্থাপিত হইবে।

১১। **Ordinance No. XXXV of 1961 এর section 118 এর সংশোধন।**—উক্ত Ordinance এর section 118 এর "Government" শব্দের পরিবর্তে "Republic" শব্দ প্রতিস্থাপিত হইবে।

১২। **Ordinance XXXV of 1961 এর section 121 এর সংশোধন।**—উক্ত Ordinance এর section 121 এর sub-section (1) এর "Government" শব্দের পরিবর্তে "Republic" শব্দ প্রতিস্থাপিত হইবে।

১৩। **Ordinance No. XXXV of 1961 এর section 127 এর সংশোধন।**—উক্ত Ordinance এর section 127 এর "that Government" শব্দগুলির পরিবর্তে "the Government" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

১৪। **Ordinance No. XXXV of 1961 এর sections 179 এর সংশোধন।**—উক্ত Ordinance এর section 179 এর sub-section (2) বিলুপ্ত হইবে।

১৫। **Ordinance No. XXXV of 1961 এর section 180 এবং 181 এর বিলোপ।**—উক্ত Ordinance এর sections 180 এবং 181 বিলুপ্ত হইবে।

১৬। **রহিতকরণ ও হেফাজত।**—(১) The Navy (Amendment) Ordinance, 1976 (Ord. No. VII of 1976), Navy (Amendment) Ordinance, 1977 (Ord. No. XLIII of 1977) এবং Navy (Amendment) Ordinance, 1986 (Ord. No. XL of 1986), অতঃপর উক্ত Ordinance সমূহ বলিয়া উল্লিখিত, এতদ্‌দ্বারা রহিত করা হইল।

(২) উপ-ধারা (১) এর অধীন রহিতকরণ সত্ত্বেও, উক্ত Ordinance সমূহের অধীন কৃত সকল কাজকর্ম ও গৃহীত ব্যবস্থা এই আইনের অধীন কৃত বা গৃহীত হইয়াছে বলিয়া গণ্য হইবে।

## উদ্দেশ্য ও কারণ সম্বলিত বিবৃতি

সংবিধান (পঞ্চদশ সংশোধন) আইন, ২০১১ (২০১১ সনের ১৪ নং আইন) দ্বারা ১৯৭৫ সালের ১৫ আগস্ট হতে ১৯৭৯ সালের ০৯ এপ্রিল তারিখ এবং ২৪ মার্চ ১৯৮২ থেকে ১১ নভেম্বর ১৯৮৬ তারিখ পর্যন্ত সময়ের মধ্যে জারীকৃত অধ্যাদেশসমূহ অনুমোদন ও সমর্থন (ratification and confirmation) সংক্রান্ত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের চতুর্থ তফসিলের ১৮ ও ১৯ অনুচ্ছেদ বিলুপ্ত হওয়ায় উক্ত অধ্যাদেসমূহ কার্যকারিতা হারিয়েছে।

২। উল্লেখ্য যে, প্রতিরক্ষা মন্ত্রণালয়ের আওতাভুক্ত নিম্নোক্ত অধ্যাদেশত্রয় উপরে বর্ণিত সময়ের মধ্যে জারি করা হয়েছিল

(১) The Navy (Amendment) Ordinance, 1976 (Ordinance No. VII of 1976);

(২) The Navy (Amendment) Ordinance, 1977 (Ordinance No. XLIII of 1977);

(৩) The Navy (Amendment) Ordinance, 1986 (Ordinance No. XL of 1986);

৩। উল্লিখিত অধ্যাদেশত্রয় দ্বারা বিদ্যমান Navy Ordinance, 1961-এ, সময় সময়, কতিপয় সংশোধন সাধন করা হয়েছে। অধ্যাদেশত্রয় নৌবাহিনী সদর দপ্তর কর্তৃক পরীক্ষা-নিরীক্ষা করতঃ এর আবশ্যকতা বিবেচনা সমন্বিত করে একটি আইনে প্রণয়ন করার প্রস্তাব করেছে।

৪। উল্লিখিত অধ্যাদেশত্রয়ের কার্যকারিতা জনস্বার্থে বহাল ও অক্ষুণ্ন রাখার লক্ষ্যে নতুন আইন প্রণয়ন করা প্রয়োজন। এ লক্ষ্যে অধ্যাদেশ তিনটি সমন্বিত করে একটি বিল প্রণয়ন করা হয়েছে। উল্লেখ্য যে, কার্যকারিতা হারানো অধ্যাদেশত্রয়ের স্থলে এ সংক্রান্ত নতুন আইনের খসড়া বিল মন্ত্রিসভা সদয় নীতিগত অনুমোদন করেছে। লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ বিলটি ভেটিং করেছে।

৫। এক্ষণে, Navy (Amendment) Act, 2016 শীর্ষক বিলটি মহান সংসদে বিবেচনার জন্য উপস্থাপন করছি।

**সৈয়দ আশরাফুল ইসলাম**
ভারপ্রাপ্ত মন্ত্রী।

---

**ড. মোঃ আবদুর রব হাওলাদার**
সিনিয়র সচিব।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd